

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ / ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং-১৯৪-আইন/২০১৯/৫১-মুসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন), এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার বাংলাদেশ কোস্টগার্ডের সমুদ্রগামী জাহাজে প্রেষণে কর্মরত বাংলাদেশ নৌ-বাহিনীর কর্মকর্তা ও নাবিকদের ভোগের নিমিত্ত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এ বর্ণিত শিরোনামা সংখ্যা (Heading No.) ২৪.০২ এবং উহার H.S Code ২৪.০২.২০.০০ এর আওতাভুক্ত তামাকের তৈরি সিগারেটকে উহার উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক হইতে নিম্নবর্ণিত শর্তাধীনে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা:-

শর্তাবলি:

- (ক) করমুক্ত সিগারেট গ্রহণকল্পে কোস্টগার্ডের সংশ্লিষ্ট জাহাজের অধিনায়ক বা কোস্টগার্ডের সদর দপ্তরের উপযুক্ত কর্তৃপক্ষ সিগারেটের ব্র্যান্ড এবং পরিমাণ উল্লেখপূর্বক এই মর্মে প্রত্যয়নপত্র প্রদান করিবেন যে, উক্ত সিগারেট তাহার অধীনস্থ সমুদ্রগামী জাহাজে প্রেষণে কর্মরত বাংলাদেশ নৌ-বাহিনীর কর্মকর্তা ও নাবিকদের ব্যক্তিগত ভোগের (ধূমপানের) জন্য বিতরণ করা হইবে;
- (খ) উক্ত প্রত্যয়নপত্রের একটি অনুলিপি সরবরাহকারীর কার্যালয় যে এলাকায় অবস্থিত উক্ত এলাকার উপর এখতিয়ার সম্পন্ন সংশ্লিষ্ট শুল্ক, আবগারি ও ভ্যাট, সার্কেল কর্মকর্তার নিকট প্রেরণ করিতে হইবে;
- (গ) সরবরাহতব্য উক্ত সিগারেট বাংলাদেশে উৎপাদিত হইতে হইবে এবং করযোগ্য কোনো প্রতিষ্ঠান হইতে উহার সরবরাহ গ্রহণ করিতে হইবে;
- (ঘ) প্রতিদিন প্রতিজন কর্মকর্তা বা নাবিকের অনুকূলে বিশ শলাকার অধিক সিগারেট বিতরণ করা যাইবে না;
- (ঙ) সরবরাহকারী সিগারেটের প্রতিটি শলাকা, প্যাকেটে ও পার্সেলের গায়ে “Duty Free for Coastguard Ships” শব্দগুলি স্পষ্ট অক্ষরে মুদ্রণ করিবেন;
- (চ) সরবরাহকারী প্রতি মাসে সরবরাহকৃত সিগারেটের ব্র্যান্ডভিত্তিক পরিমাণ, উহার উপর আরোপণীয় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্কের পরিমাণ সংবলিত একটি বিবরণী উক্ত মাসের পরবর্তী মাসের ১০ (দশ) তারিখের মধ্যে উপরিউক্ত সার্কেল

কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন এবং সার্কেল কর্মকর্তা একই মাসের ১৫ (পনের)
তারিখের মধ্যে উহার একটি অনুলিপি বিভাগীয় কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি)
সিনিয়র সচিব